



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়



২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি,
নীলক্ষেত্র, কাঁটাবন ঢাল, ঢাকা- ১২০৫।

নম্বর ৩১.০৪.০০০০.০০৭.২৭.০০১.১৯.১৯৭

তারিখ: ৩ কার্তিক ১৪২৮
১৯ অক্টোবর ২০২১

সভার নোটিশ

বিষয় : অভিযোগ প্রতিকার সংক্রান্ত অক্টোবর, ২০২১ মাসের সভা প্রসঙ্গে।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার সংক্রান্ত অক্টোবর, ২০২১ মাসের সভা আগামী ২১/১০/২০২১ খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপ-পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-১০-২০২১

খান এ. সবুর খান

সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা)

ফোন: ৫৮৬১০৫৯৬

ফ্যাক্স: ৫৮৬১৩১২৫

ইমেইল: addslatc@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক (প্রশিক্ষণ), প্রশিক্ষণ বিভাগ, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
- ২) সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র(ওয়েবসাইটে নোটিশটি আপলোডের জন্য)।
- ৪) হিসাব রক্ষক, সহকারী পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র--সভায় ০৫ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫) অফিস কপি।

বিষয় : অভিযোগ প্রতিকার সংক্রান্ত অক্টোবর, ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রিয়সিক্ত তালুকদার,
উপপরিচালক (প্রশিক্ষণ)

সভার তারিখ : ২১/১০/২০২১

সভার সময় : সকাল ১১.০০ টা

স্থান : উপপরিচালক (প্রশিক্ষণ)-এর অফিস কক্ষে।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-“ক”

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনার জন্য সহকারী পরিচালক (প্রশাসন) কে অনুরোধ জানালে নিম্নবর্ণিতভাবে আলোচনা হয়।

আলোচনাঃ সহকারী পরিচালক(প্রশাসন) সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান। কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরে তিনি সভায় অত্র কেন্দ্রের বিভিন্ন সেবা যেমন— শ্রেণীকক্ষ, ডাইনিং, ডরমিটরী ও লাইব্রেরী সেবা এবং বিগত কোর্স সমূহের প্রশিক্ষণার্থীদের নিকট হতে এ বিষয়ে প্রাপ্ত মন্তব্য সম্পর্কে অবহিত করেন। তিনি আরও বলেন যে প্রশিক্ষণার্থীগণ ডরমিটরির অবস্থানকালী ইন্টারনেট স্পীড (নেটওয়ার্ক)/গতি বৃদ্ধি করার জন্য মতামত দিয়েছেন। সেবার মান বিষয়ে সকল প্রশিক্ষণার্থীই এ কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনাকে অত্যন্ত আন্তরিকতাপূর্ণ বলে অভিমত প্রকাশ করেন। অন-লাইন ক্লাসে মাঝে মাঝে নেটওয়ার্কের সমস্যা হলেও কোর্স সমন্বয়করণ সাথে সাথে তা সমাধানের চেষ্টা করেছেন। সহকারী পরিচালক (প্রশাসন) সভায় এ কার্যালয়ের অভিযোগ প্রতিকার বিষয়ে বার্ষিক লক্ষ্যমাত্রা ও অর্জন সম্পর্কে সভাকে অবহিত করেন যা নিম্নে দেয়া হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন (১ম ত্রৈমাসিক)
৩	৪	৫	৬	৭
[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত	সংখ্যা	৫	১
[২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[২.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	%	৮	কোন অভিযোগ পাওয়া যায়নি।
[২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	[২.২.১] প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৫	১

৩

[২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	৩	১
[২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা	[২.৪.১] সভা অনুষ্ঠিত	সংখ্যা	৪	১

সিদ্ধান্তঃ ১। কেন্দ্রের সার্বিক ইন্টারনেট গতি এবং ডরমিটরির ওয়াইফাই নেটওয়ার্কের গতি বাড়ানোর উগ্যোগ গ্রহণ করতে হবে।

২। অন-লাইন কোর্সসমূহে যেন কোন ধরনের সমস্যা না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য কোর্স সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।

৩। বার্ষিক লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত


(প্রিয়সিকু তালুকদার)
উপপরিচালক (প্রশিক্ষণ)
ও
টিম লিডার
এপিএ সংক্রান্ত কমিটি
ফোন : ৯৬৩৪০৯৪

স্মারক নম্বর-৩১.০৪.০০০০.০০০.২৭.০০১.২০২১-৮৮৭/১(৬)

তারিখ: ০৫ কার্তিক ১৪২৮
২১ অক্টো, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৩। উপসচিব, এপিএ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।


(প্রিয়সিকু তালুকদার)
উপপরিচালক (প্রশিক্ষণ)
ও
টিম লিডার
এপিএ সংক্রান্ত কমিটি
ফোন : ৯৬৭৪৪৩২